# ALL INDIA RADIO
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 03.10.2023 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) গ্রামোন্নয়ন প্রকল্পগুলিতে বৈষম্য নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের তোলা অভিযোগ কেন্দ্র খারিজ করে দিয়েছে।

২) প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ আর বহু কেন্দ্রীয় প্রকল্পে মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকার দুর্নীতি করেছে বলে তথ্য সম্প্রচার মন্ত্রী অভিযোগ করেছেন।

৩) কেন্দ্রীয় প্রকল্পের বকেয়া নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেস নেতৃবৃন্দ আজ সন্ধ্যায় গ্রামোন্নয়ন ও পঞ্চায়েতি রাজ মন্ত্রীর সঙ্গে দেখা করবেন।

৪) নিম্নচাপের জেরে প্রবল বৃষ্টি এবং ডিভিসি, মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ায় রাজ্য সরকার দক্ষিনবঙ্গের সাত জেলাকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে।

৫) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান সুপারজায়ান্ট এএফসি কাপ ফুটবলের গ্রুপ পর্বের ম্যাচে ২-১ গোলে মালদ্বীপের মাজিয়া এস আর সি- কে হারিয়ে দিয়েছে।

---

গ্রামোন্নয়ন প্রকল্পগুলিতে বৈষম্য নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের তোলা অভিযোগ কেন্দ্র খারিজ করে দিয়েছে। গতকাল বিহারে এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন ও পঞ্চায়েতি রাজ মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, ইউপিএ সরকারের তুলনায় বর্তমান

সরকারের আমলে গ্রামোন্নয়ন প্রকল্পগুলিতে কেন্দ্রীয় বরাদ্দ অনেক বেশি পেয়েছে পশ্চিমবঙ্গ।

শ্রী সিং আরও বলেন, পশ্চিমবঙ্গে কোটি কোটি সরকারি টাকা বেহাত হয়ে যাচ্ছে। রাজ্য সরকার এব্যাপারে কোনোরকম পদক্ষেপ গ্রহণ করেনি। মন্ত্রকের পক্ষ থেকে রাজ্যকে বেশ কয়েকবার এব্যাপারে ব্যবস্থা নিতে বলা হলেও কোনোরকম সহযোগিতা তাদের কাছ থেকে পাওয়া যানয়ি বলে মন্ত্রীর অভিযোগ। আবাস যোজনার অভিযোগ খতিয়ে দেখে শ্রী সিং সিবিআই তদন্তের পক্ষেও ওয়াল করেন।

বাইট

------------------------

একশ দিনের কাজ ও আবাস যোজনার বকেয়া নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ দলের নেতারা আজ সন্ধেয় কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংয়ের সঙ্গে দেখা করবেন। দিল্লিতে গতকাল সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে দলীয় নেতৃত্বের সঙ্গে বৈঠকের পর অভিষেক জানান, এর আগে দুপুরে যন্তর মন্তরে দলের তরফে ধরনা দেওয়া হবে। সাংবাদিকদের অভিষেক বলেন, রাজ্য থেকে কর বাবদ এক লক্ষ কোটি টাকা নিয়ে গিয়েছে কেন্দ্র। আর বাংলার প্রাপ্তির ভাঁড়ার শূন্য। রাজ্যের বকেয়া আদায় করে তবেই তাঁরা রাজ্যে ফিরবেন।

বাইট

এর আগে, কেন্দ্রীর বঞ্চনার প্রতিবাদে দিল্লির রাজঘাটে তৃণমূল কংগ্রেসের সত্যাগ্রহ অনুষ্ঠানকে কেন্দ্র করে গতকাল ব্যাপক উত্তেজনা তৈরি হয়। পুলিশের অনুমতি না থাকা

সত্ত্বেও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গতকাল দুপুরে দু'ঘণ্টা ধরে রাজঘাটে গান্ধীজির সমাধিস্থলে দলীয় নেতা কর্মীরা অবস্থান বিক্ষোভ করেন। প্ল্যাকার্ড হাতে শান্তিপূর্ণ অবস্থান চলে। কর্মসূচি শেষে রাজঘাটের গেটের সামনে দাঁড়িয়ে অভিষেক সাংবাদিক বৈঠক করার সময় গোলমাল বাঁধে। ঠিক সে সময়ই পুলিশ মাইকিং করে আন্দোলনরত নেতাদের দ্রুত রাজঘাট ছেড়ে বেরিয়ে যাওয়ার কথা বলে। তা মানতে রাজি না হওয়ায় সাংবাদিক বৈঠকের মাঝেই অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ কর্মী সমর্থকদের সেখান থেকে সরিয়ে দেওয়া হয়।

------------------------

প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ আর বহু কেন্দ্রীয় প্রকল্পে মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকার দুর্নীতি করেছে বলে তথ্য সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর অভিযোগ করেছেন। গতকাল নতুন দিল্লীতে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এইসব প্রকল্পগুলির টাকা আত্মসাত্‍ করে তৃণমূল কংগ্রেস দরিদ্রদের বঞ্চনা করছে। কিভাবে প্রকৃত উপভোক্তাকে বাদ দিয়ে বিত্তবান বা প্রভাবশালী ব্যক্তিদের নাম আবাস যোজনার তালিকায় উঠে এল, তা নিয়েও তিনি প্রশ্ন তোলেন।

বাইট

এদিকে নিয়োগ দুর্নীতি মামলায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সঙ্গে তদন্তে সহযোগিতা করার জন্য শ্রী ঠাকুর অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আহ্বান জানান। কোনোরকম দুর্নীতি হয়ে থাকলে আইন যথাযথ ব্যবস্থা নেবে বলে তিনি ফের স্মরণ করিয়ে দেন।

উল্লেখ্য, আজই অভিষেক বন্দ্যোপাধ্যায় সিজিও কমপ্লেক্সে ইডির ডাকে হাজিরা দেওয়ার কথা থাকলেও দিল্লীর কর্মসূচীর কারণে তিনি সেখানে যেতে পারবেন না বলে জানিয়ে দিয়েছেন।

-------------------------

কেন্দ্রীয় কৃষি প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতরাতেই দিল্লি গেছেন। আজ বিকেলে কৃষিভবনে তিনি, মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন। বিমানবন্দরের সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা জানান,যারা প্রকৃত জব কার্ড হোল্ডার তাদের নিয়ে বিজেপির কোনো আপত্তি নেই। তবে তারা দুর্নীতি আটকাতে চায়। রাজ্যে ১কোটি ৩২লক্ষ জব কার্ড ইস্যু হয়েছে। এই ভুয়ো জব কার্ড দিয়ে যারা টাকা তুলেছেন এবং যারা কার্ড ইস্যু করেছেন তাদের বিরুদ্ধে যাতে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয় সে ব্যাপারেও কথা বলবেন তিনি।

-------------------------

রোগ নিরাময়ের লক্ষ্যে এন্টিবায়োটিকের অপব্যবহার রুখতে রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছে। স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, চিকিৎসকদের একাংশ কিছু ক্ষেত্রে অকারনে অ্যান্টিবায়োটিক গ্রহনের পরামর্শ দিচ্ছেন বলে তথ্যে উঠে আশায় প্রেসক্রিপশন অডিট করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারি এবং বেসরকারি দুই তরফেই এই নজরদারি চালানো হবে। পাশাপাশি চিকিৎসকদের সঙ্গে পরামর্শ না করে অনেক রোগী নিজেই অ্যান্টিবায়োটিক ব্যবহার করায় তা কাজ না করে উল্টে সেপসিসে মৃত্যু বৃদ্ধির ঘটনায় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এছাড়াও সব হাসপাতালে সিসিইউ এবং আই সি ইউ নিয়মিত জীবনুমুক্ত করার কথা বলা হয়েছে।

-------------------------

নিম্নচাপের জেরে প্রবল বৃষ্টি এবং ডিভিসি মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ায় রাজ্য সরকার দক্ষিনবঙ্গের সাত জেলাকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদী গতকাল নবান্ন থেকে বাঁকুড়া, বীরভূম, দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, হুগলি এবং হাওড়া জেলার জেলাশাসক, পুলিশ সুপার, সেচ এবং বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেচ দপ্তরের আধিকারিকদের ডিভিসি কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার কথা বলা হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় জেলাগুলিকে নজরদারির সঙ্গে সব রকমের সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার পাশাপাশি পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুত রাখার কথা বলা হয়েছে। এছাড়াও জেলাগুলিতে কন্ট্রোলরুম খোলার পাশাপাশি প্রতি পাঁচ ঘন্টা অন্তর রিপোর্ট পাঠানোর কথা বলা হয়েছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের ঘাটাল, চন্দ্রকোনা সহ কয়েকটি নীচু এলাকায় ইতিমধ্যেই জল ঢুকেছে। বেশ কিছু চাষের জমি জলমগ্ন

কংসাবতী নদীততে গতকাল থেকে জলস্তর বাড়ছে, ঘাটালে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

-------------------------

বঙ্গোপসাগরে সৃষ্ট গতকালের সুস্পষ্ট নিম্নচাপ কিছুটা দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে বৃহস্পতিবার ৫ই অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড়বৃষ্টির পূর্বাভাস। হাওয়ার গতি ঘন্টায় ৪৫ কিলোমিটারের বেশী থাকায় মৎস্যজীবীদের আজ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সঞ্জীব বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানালেন, বাইট

এদিকে, লাগাতার বৃষ্টিতে কলকাতা সহ দক্ষিনবঙ্গে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক থাকলেও সর্বোচ্চ তাপমাত্রা বেশ খানিকটা কমেছে। আজ সকালে আলিপুরে তাপমাত্রা ছিল ২৬ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের চার ডিগ্রী কম ২৯ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১৫ দশমিক ৮ মিলিমিটার।

-------------------------

প্রবল বর্ষনে ক্ষতির মুখে পড়েছেন উত্তর দিনাজপুর জেলার ধানচাষীরা। রায়গঞ্জের কুলিক নদী ও নগর নদীতে জলস্ফীতির জেরে সাড়ে চার বিঘা ধানি জমি বর্তমানে জলের তলায়। প্লাবিত হয়েছে রায়গঞ্জ ব্লকের ৮ নম্বর বাহিন, গৌরী গ্রাম পঞ্চায়েত সহ বিস্তীর্ণ এলাকা। বহু বাড়িঘরে জল ঢুকে যাওয়ায় বাসিন্দারা অন্যত্র আশ্রয় নিয়েছেন।

উল্লেখ্য, উত্তর দিনাজপুর জেলার মূল অর্থকরী ফসল হলো ধান। দুর্গাপুজোর আগে এই বন্যা পরিস্থিতিতে জেলার কৃষকেরা ক্ষতির আশঙ্কা করছেন।

-------------------------

ভূমিকম্পের ফলে উত্তরবঙ্গের বিস্তীর্ন এলাকা গতসন্ধ্যায় কেঁপে ওঠে। সন্ধ্যা ৬ টা ১৫ মিনিট নাগাদ মেঘালয়ের ৩ কিলোমিটার এবং ভুটান ও অসম সংলগ্ন এলাকায় ৫ দশমিক ৩ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। কম্পন টের পাওয়া যায় জলপাইগুড়ি, কোচবিহার ও মুর্শিদাবাদ ও দুই দিনাজপুরেও। তবে ক্ষয়ক্ষতির কোনো খবর নেই।

-------------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান সুপারজায়ান্ট এএফসি কাপ ফুটবলের গ্রূপ পর্বের ম্যাচে ২-১ গোলে মালদ্বীপের মাজিয়া এস আর সি-কে হারিয়ে দিয়েছে। সবুজ মেরুন দলের পক্ষে জেসন কামিংস দুটি গোলই করেছেন। মাজিয়ার পক্ষে গোল করেন ওয়াদা। মোহনবাগান সুপার জায়ান্ট দু ম্যাচ জিতে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে। গ্রুপের পরের ম্যাচে মোহনবাগান, ২৪ শে অক্টোবর বাংলাদেশের বসুন্ধরা কিংসের বিরুদ্ধে খেলবে।

-------------------------

ইস্টবেঙ্গল আগামীকাল আইএসএলের ম্যাচে বেঙ্গালুরু এফসির বিরুদ্ধে খেলবে। বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আটটায়। ইস্টবেঙ্গল ২ ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে বেঙ্গালুরু এফ সি দুটি ম্যাচে পরাজিত হওয়ায় এখনো কোনো পয়েন্ট সংগ্রহ করতে পারেনি।

------------------------ ------------------------